গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং- ২০.০৬.০০০০.০০২.১৪.০১৫(অংশ-৩).১৮- ৯৩৪ তারিখ: ০৭/১১/২০১৯ খ্রি:

বিষয়ঃ- টেকনিক্যাল কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (SDBM)" শীর্ষক প্রকল্পের টেকনিক্যাল কমিটি'র ৩য় সভা গত ০৫/১১/২০১৯ তারিখে যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: ফজলুর রহমান)
উপ-প্রধান
ফোন: ৯১১৭০৫৭

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (দৃ: আ: সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল)।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৫. প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯. যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এবং প্রকল্প পরিচালক, এসডিবিএম প্রকল্প, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০. জনাব মো: সফিকুল ইসলাম, পরিচালক (বিকেআইআইসিটি), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১১. উপ-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এবং উপ-প্রকল্প পরিচালক, এসডিবিএম প্রকল্প, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**বিশেষ আমন্ত্রণে:**

১. প্রকল্প পরিচালক, a2i প্রকল্প, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১. প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

কার্যক্রম বিভাগ

"কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (এসডিবিএম)" প্রকল্প

শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## টেকনিক্যাল কমিটির ৩য় সভার কার্যবিবরণী

১.০ সভাপতিঃ জনাব মোঃ ছায়েদুজ্জামান, যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ।

১.১ সভার স্থানঃ ভবন - ২, কক্ষ নং-২০

১.২ সভার তারিখঃ ০৫/১১/২০১৯, রোজ মঙ্গলবার, ৩.০০ ঘটিকা

১.৩ সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হল।

২.০ **উপস্থাপনাঃ**

২.১ কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (এসডিবিএম) শীর্ষক প্রকল্পের টেকনিক্যাল কমিটির সভাপতি জনাব মোঃ খলিলুর রহমান খান, প্রধান, কার্যক্রম বিভাগ, রাষ্ট্রীয় কাজে দেশের বাইরে অবস্থান করার কারণে এবং সভার গুরুত্ব বিবেচনা করে যুগ্ম-প্রধান (কৃষি ও সমন্বয়), কার্যক্রম বিভাগ ও প্রকল্প পরিচালক সভাপতির দায়িত্ব পালন করেন। সভাপতি উপস্থিতিতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ও উপ-প্রকল্প পরিচালককে সভার বিষয় উপস্থাপনা করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর উপ-প্রধান (কার্যক্রম বিভাগ) ও উপ-প্রকল্প পরিচালক (এসডিবিএম প্রকল্প) সভাকে জানান যে, আলোচ্য প্রকল্পটি উন্নয়ন বাজেটে সরকারি অর্থ ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে কার্যক্রম বিভাগে নতুন ডাটাবেইজ ও রিপোর্টিং সিস্টেম স্থাপনের জন্য সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩৯০৮.৫৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৭ হতে মার্চ, ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। ওয়েব ভিত্তিক এডিপি/আরএডিপি প্রণয়নের লক্ষ্যে সিস্টেমটি তৈরির জন্য IBCS Primax Software BD Ltd. কে নিয়োজিত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত প্রতিষ্ঠান ADP/RADP Management System (AMS) সফটওয়্যার এর ডেভলপমেন্ট ফেইজ সম্পন্ন করেছে। উক্ত সফটওয়্যারটির ওপর ২টি পর্যায়ে স্টেকহোল্ডারদের মতামত গ্রহণ করা হয়েছে। স্টেকহোল্ডারদের কাছ থেকে যে সকল মতামত পাওয়া গেছে বর্তমানে তা সংযোজন ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর বিদ্যমান ডাটাবেইজ এর সাথে ডিজিটাল লিঙ্কেজ স্থাপনের কাজ চলমান আছে।

২.২ তিনি আরও বলেন যে AMS সফটওয়্যারটির মাধ্যমে চলতি অর্থ বছরে ১০টি মন্ত্রণালয়ের আরএডিপি প্রণয়ন ও নতুন অননুমোদিত প্রকল্পের প্রস্তাব সমূহ AMS সফটওয়্যার এর মাধ্যমে গ্রহণের পরিকল্পনা রয়েছে ও আগামী ৩১/০১/২০২০ইং তারিখে পরিকল্পনা দিবসে আনুষ্ঠানিক উদ্বোধনের নির্দেশনা রয়েছে এবং সেই আলোকে কার্যক্রম পরিচালিত হচ্ছে।

৩.০ **আলোচনাঃ**

**৩.১ ই-ফাইলিং ও মন্ত্রনালয়/বিভাগ এর সাথে ইন্টিগ্রেশন বিষয়ে আলোচনা:**

৩.১.১: উপ-প্রকল্প পরিচালক সভাকে জানান যে, গত ১৫/০৯/২০১৯ইং তারিখে ইন্টিগ্রেশন বিষয়ে একটি টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্তের আলোকে AMS সফটওয়্যার এর GAP Analysis এর জন্য এটুআই, পরিকল্পনা বিভাগের আইটি সেল এ AMS এর টেকনিক্যাল ডকুমেন্ট সমূহ প্রেরণ করা হয়। উক্ত ডকুমেন্ট সমূহ বিশ্লেষণ পূর্বক পরিকল্পনা বিভাগের আইটিসেল হতে একটি মতামত পাওয়া গেছে। AMS সফটওয়্যার উন্নয়ন বাজেট প্রণয়ন/বাস্তবায়ন সংশ্লিষ্ট বিভিন্ন ডাটাবেইজ এর

৩.২.২: প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে AMS সফটওয়্যারের জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সমূহ পরিকল্পনা বিভাগের বিদ্যমান ডাটা সেন্টারে স্থাপন প্রক্রিয়া চলমান রয়েছে। AMS সফটওয়্যারের ইতোমধ্যে দুইধাপে (১ম পর্যায় ২০-২৩ জুলাই এবং ২য় পর্যায় ২৪-২৫ আগস্ট, ২০১৯) স্টেকহোল্ডারদের মতামত গ্রহণ করা হয়েছে। সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান বর্তমানে উক্ত মতামতসমূহ সিস্টেমটির সাথে সমন্বয়ের কাজ চলমান রয়েছে। এ কাজ সম্পন্ন হওয়ার পর ডেপ্লয়মেন্ট-এর প্রক্রিয়া শুরু হবে। চুক্তি অনুযায়ী সফটওয়্যাটি ডেপ্লয়মেন্ট-এর পূর্বে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে টেস্টিং এর সংস্থান রাখা হয়েছে। এ টেস্টিং হতে প্রাপ্ত মতামত/সুপারিশ সমূহ যথাযথ ভাবে প্রতিফলিত করা হবে। এ ছাড়াও AMS সিস্টেম এর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে স্থাপিত অ্যাপ্লিকেশন ও হার্ডওয়ারের পর্যায়ে গৃহীত কার্যক্রম এর বিস্তারিত কর্মকৌশল পরবর্তী মিটিং এ উপস্থাপন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন। বিস্তারিত আলচনান্তে AMS সফটওয়্যারের ডেপ্লয়মেন্ট এর পূর্বে ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে পর্যাপ্ত টেস্টিং পূর্বক গ্রহণ করার বিষয়ে একমত পোষণ করা হয়।

৪.০ **সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১: AMS সফটওয়্যারের ইন্টিগ্রেশন কার্যক্রমকে দুত ও পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করার লক্ষ্যে ৩.১.২ এর আলোচনা অনুযায়ী একটি কমিটি গঠন করা যেতে পারে;

৪.২: সফটওয়্যারটি ডেপ্লয়মেন্ট-এর পূর্বে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক পর্যাপ্ত টেস্টিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.৩: AMS সিস্টেম এর ২টি পর্যায়ে (অ্যাপ্লিকেশন ও হার্ডওয়ারের) নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে বিস্তারিত কর্মকৌশল পরবর্তী মিটিং এ উপস্থাপন করতে হবে।

৫.১ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ছায়েদুজ্জামান)
যুগ্ম-প্রধান
ও
প্রকল্প পরিচালক
কার্যক্রম বিভাগ।

C:\Users\User\Desktop\3rd Technical Committee.doc